

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- টিএসসি/কিশোর/পেনশন/পার্ট-২/২০২৯/১১/

তারিখঃ /১০/২০১৬ খ্রিঃ।

প্রাপক ঃ জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা  
কিশোরগঞ্জ।

বিষয় ঃ পুনঃ অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন কিশোরগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের ক্যাশ সরকার জনাব মোঃ ফুল মিয়াকে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-টিএসসি/কিশোর/পেনশন/পার্ট-২/২০২৯/১১/৪২২ তারিখ- ১২/০৫/২০১৫ খ্রিঃ মোতাবেক এককালীন আনুতোষিক ৯,৭২,৬২৪/- (নয় লক্ষ বাহাত্তর হাজার ছয়শত চব্বিশ) টাকা এবং ০৭/০৭/২০১৫ খ্রিঃ তারিখ হতে নীট মাসিক অবসরভাতা ৪,২২৮/৮০ (চার হাজার দুইশত আটশ টাকা আশি পয়সা) টাকা মঞ্জুরী প্রদান করা হয়।

২। জাঃ বেঃ স্কেঃ/২০১৫ এর গেজেটের ৫ নং ক্রমিকে বেতন নির্ধারণী এর (ঝ) মোতাবেক ফিক্সেশন ফরম অনুযায়ী সর্বশেষ মাসিক মূলবেতন ১৩,৭৮০/- টাকা। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা এর স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩. ০০৬.১৫-৮১ তারিখ ১৪/১০/২০১৫ইং এর প্রজ্ঞাপনের আলোকে পেনশনের হার ৮০% এর স্থলে ৯০% -এ উন্নীত করা হয়। সে মোতাবেক তার চাকুরীকাল ২৫ বৎসরের উর্ধ্ব হওয়ায় পেনশনের হার ৯০% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ ১২,৪০২/-। এর অর্ধাংশ (১২৪০২÷২)=৬,২০১/- টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময় হার প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/- টাকা হিসাবে থোক প্রাপ্য আনুতোষিক (৬২০১/-×২৩০/-)= ১৪,২৬,২৩০/- (চৌদ্দ লক্ষ ছাব্বিশ হাজার দুইশত ত্রিশ) টাকা মাত্র এবং ০৭/০৭/২০১৫ খ্রিঃ তারিখ হতে মাসিক নীট ৬,২০১/- (ছয় হাজার দুইশত এক) টাকা হারে অবসরভাতা প্রাপ্য।

৩। উক্ত টাকা হতে পূর্বে মঞ্জুরীকৃত আনুতোষিক সমন্বয় করে অবশিষ্ট (১৪,২৬,২৩০ - ৯,৭২,৬২৪/-) = ৪,৫৩,৬০৬/- (চার লক্ষ তেপ্পান্ন হাজার ছয়শত ছয়) টাকা আনুতোষিক এবং ০৭/০৭/২০১৫ইং তারিখ হতে নীট মাসিক অবসরভাতা ৪,২২৮/৮০ (চার হাজার দুইশত আটশ টাকা আশি পয়সা) টাকার স্থলে ৬,২০১/- (ছয় হাজার দুইশত এক) টাকা মঞ্জুরী প্রদান করা হল।

৪। এতদসঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য সুপারিশ সহ প্রেরণ করা হলো।

ক)	নির্ধারিত পেনশন ফরম ২.১	০১ কপি
খ)	আবেদনকারীর পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি	০২ কপি
গ)	অবসর প্রস্তুতিমূলক ছুটি মঞ্জুরীর আদেশ	০১ কপি
ঘ)	ই.এল.পি.সি	০১ কপি
ঙ)	আবেদনকারীর পাঁচ আঙ্গুলের ছাপ ও নমুনা স্বাক্ষর	০১ কপি
চ)	না-দাবী সনদ পত্র	০১ কপি
ছ)	বৈধ উত্তরাধীকারীর ঘোষণাপত্র	০১ কপি
জ)	চাকুরী বহি (৩ খন্ডের)	০১ প্রস্থ

৫। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম সচিব  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- টিএসসি/কিশোর/পেনশন/পার্ট-২/২০২৯/১১/ ২৬২৯ (৫)

তারিখঃ ০৬/১০/২০১৬ খ্রিঃ।

অবগতির জন্য অনুলিপি দেয়া হল ঃ-

- ১। অধ্যক্ষ, কিশোরগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ। (এ তার ০৪/০৯/২০১৬ খ্রিঃ তারিখের ৪৬৮ নং স্মারকের বরাতে করা হল।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ৩। আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
- ৪। জনাব ফুল মিয়া, প্রাক্তন- ক্যাশ সরকার, কিশোরগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, কিশোরগঞ্জ।  
বর্তমান ঠিকানাঃ গ্রাম- পাঁচকাহনিয়া, ডাকঘর- বাদলা, উপজেলা-ইটনা, জেলা- কিশোরগঞ্জ।
- ৫। সংশ্লিষ্ট নথি।



(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
